23rd. In districts where a separate establishment is kept up for the management of the Zemindaree Dâks, the surplus receipts are to be remitted to the Collector as in Paragraph 22d at the end of the month. If there is no separate establishment, the receipts and payments must appear like other transactions, in the daily account.

DISBURSEMENTS.

24th. All payments for Rupees 10 and upwards are to be made by Cheque drawn on the Collector, by the Magistrate.

25th. Cheques are to be drawn in favor of the party entitled to the money, or of any person he may name, but never to be made payable to order.

26th. Parties having Cheques drawn in their own favor, but being unable to attend at the Collectorate, may obtain payment by appointing, under such authority as the Collector may think sufficient, an agent to receive the amount.

27th. Cheques are to be drawn good for 5 days only including the day of issue. Time expired Cheques are to be returned to the Magistrate, who on receipt of them will compare them with their corresponding Cheque-margins, and if they are found to correspond, will write the word "renewed" in red ink across them, affixing the date of such renewal both on the Cheques and their corresponding Cheque-margins, and testifying to the same by his signature. The renewed Cheque will of course only be good for 5 days after renewal.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৫। ২ জানুআরি।]

১৯। উসুলকরা জরীমানার টাকা হউক কি চালানের দ্বারা টাকা দেওয়া যাউক নাজির যত টাকা আদায় করেন সেই সকল টাকা দিবসের শেষে বেওরাযুক্ত চালানসমেত হিসাবরাখণিয়াকে দেওয়া যাইবেক। হিসাবরাখণিয়া যে চালান কাছে রাখিয়াছেন তাহা দেখিয়া মুৎফরকা বিষয় মোকাবিলা করিবেন ও ছাপাকরা চালানসমেত ঐ সমস্ত টাকা কালেক্টর সাহেবের নিকটে পাঠাইবেন।

২০। যে সকল টাকা দিনে এমন দেরী করিয়া দাখিল হয় যে কালেক্টর সাহেবের খাজানাখানা বন্দ হইবার পূর্ব্বে তাহা তাঁহার নিকটে পাঠান যাইতে পারে না সেই সকল টাকা হয় নাজিরের রাখিতে হইবেক নতুবা মাজিস্ট্রেট সাহেবের তালা দিয়া বন্দ রাখিতে হইবেক। কিন্তু তাঁহারা কেহ চব্বিশ ঘণ্টার অধিক ঐ টাকা নিকটে রাখিবেন না। কেবল যখন কালেক্টর সাহেবের খাজানাখানা রবিবারে কি ছুটীর জন্যে বন্দ হয় তখন রাখিতে পারিবেন।

২১। দারোগারা যে সকল টাকা আদায় করেন তাহা সপ্তাহে২ কালেক্টর সাহেবের নিকটে পাঠাইবেন। ৪ আইনের মোকদ্দমাতে, যে পরওয়ানাতে দারোগারদিগকে খরচা আদায় করিবার হুকুম হয় সেই পরওয়ানাতে যে ব্যক্তিদিগকে ঐ খরচ দিতে হইবেক ও যাহাকে যত দিতে হইবেক এই বিষয়ের যদি স্পষ্ট আদেশ থাকে তবে দারোগারা ঐ খরচা ডিক্রীদারদিগকে দিবেন ও নগদ টাকার পরিবর্ত্তে ডিক্রীদারেরদের রসীদ মাজিস্ট্রেট সাহেবের আদালতে পাঠাইবেন।

২২। চৌকীদারীর যে টাকা পাওয়া যায় তাহার ফাজিল টাকা কালেক্টর সাহেবের নিকটে মাসের শেষে অর্থাৎ যখন হিসাব করা যায় তখন পাঠাইতে হইবেক।

২৩। যে২ জিলাতে জমীদারী ডাকের কার্য্য চালাইবার নিমিত্তে আলাহিদা আমলাগণ নিযুক্ত থাকে সেই সকল জিলাতে ২২ ধারাতে যেরূপ আজ্ঞা হইয়াছে সেই রূপে প্রাপ্ত টাকার ফাজিল টাকা মাসের শেষে কালেক্টর সাহেবের নিকটে পাঠাইতে হইবেক। যদি আলাহিদা আমলাগণ নিযুক্ত না থাকে তবে জমখারচ অন্যান্য কার্য্যের মতে প্রতিদিনের হিসাবে লিখিতে হইবেক।

খরচ।

২৪। ১০৲ টাকা ও তাহার অধিক যত টাকা দিতে হয় তাহার জন্যে মাজিস্ট্রেট সাহেব কালেক্টর সাহেবের উপর হুণ্ডী দিবেন।

২৫। ঐ টাকা পাইবার যে ব্যক্তির স্বত্ব থাকে তাহার নিজ নামে কিম্বা সেই জন অন্য যে কোন লোকের নাম করে তাহার নামে ঐ হুণ্ডী দেওয়া যাইবেক। কিন্তু ঐ হুণ্ডী যাহার নামে দেওয়া যায় তাহার "অর্ডরমতে" অর্থাৎ সেই জন "অন্য যে কোন কাহাকে দিতে বলে" তাহাকে দিবার অনুমতি হইবেক না।

২৬। যে ব্যক্তির নিজ নামে হুণ্ডী দেওয়া যায় সে যদি আপনি কালেক্টরীতে উপস্থিত না হইতে পারে তবে কালেক্টর সাহেব যে ক্ষমতা প্রচুর বোধ করেন সেই ক্ষমতামতে ঐ ব্যক্তি টাকা লইবার জন্যে এক জন মোখ্তারকে নিযুক্ত করিলে টাকা পাইতে পারে।

২৭। হুণ্ডী কেবল পাঁচ দিন বলবৎ থাকিবেক। হুণ্ডী দিবার দিন ঐ পাঁচ দিনের মধ্যে গণ্য হইবেক। যে হুণ্ডীর ঐ মিয়াদ অতীত হয় তাহা মাজিস্ট্রেট সাহেবকে ফিরিয়া দিতে হইবেক। তিনি তাহা পাইলে আপনার হুণ্ডীর বহীতে ঐ হুণ্ডীর হাঁশিয়ার সঙ্গে তাহা মিলাইয়া দেখিবেন। যদি ঠিক মিলে তবে তাহার আড়ভাবে "পুনরায় দেওয়া গেল" এই কথা লাল সেহাই দিয়া লিখিবেন আর সেই পুনরায় দেওনের তারিখ ঐ হুণ্ডীতে ও হুণ্ডীর বহীর হাঁশিয়াতে লিখিয়া আপন দস্তখতে তাহা প্রমাণ করিবেন। পুনরায় দেওয়া ঐ হুণ্ডী পুনশ্চ দেওয়া গেলে পর সুতরাং কেবল পাঁচ দিন বলবৎ থাকিবেক।

28th. Cheques are to run in consecutive numbers commencing from the first of each month, and an advice is to be sent daily to the Collector of Cheques issued.

29th. Parties receiving Cheques will give a receipt to be made over by the Magistrate to the Accountant, and will sign the Cheque-margin. The Accountant will keep a register of these receipts in the form given below, and the separate receipt should be sent as a voucher with the monthly accounts, the Cheque-margin receipt being filed for record in the Office. Monthly extracts from this register of receipts must be furnished to the Accountant, Judicial Department, not later than the 2d day of the month succeeding that to which the extracts refer.

২৮। হুণ্ডীতে প্রতিমাসের প্রথমাবধি একাদক্রমে নম্বর দেওয়া যাইবেক ও যে২ হুণ্ডী দেওয়া যায় তাহার জাপনপত্র প্রতিদিন কালেক্টর সাহেবের নিকটে পাঠাইতে হইবেক।

২৯। যাহারা হুণ্ডী পায় তাহারা রসীদ দিবেক ও হুণ্ডীর বহীর হাঁশিয়াতে সহী করিবেক। ঐ রসীদ মাজিষ্ট্রেট সাহেব হিসাবরাখণিয়াকে দিবেন। হিসাবরাখণিয়া নীচের লিখিত পাঠে ঐ সকল রসীদের রেজিষ্টর রাখিবেন আর সেই পৃথক্ রসীদ মাসিক হিসাবের সহিত দলীলস্বরূপ পাঠাইতে হইবেক ও হুণ্ডীর বহীর হাঁশিয়াতে লিখিত রসীদ দফ্তরখানার কাগজপত্রের মধ্যে নথী করিয়া রাখা যাইবেক। রসীদের এই রেজিষ্টরহইতে গৃহীত কথা মাসে২ জুডিসিয়ল ডিপার্টমেণ্টের আকৌণ্টেণ্টের নিকটে পাঠাইতে হইবেক। অর্থাৎ যে মাসের কথা গৃহীত হয় তাহার পর মাসের ২ তারিখের বিলম্বে না হয় এমন সময়ে পাঠাইতে হইবেক।

No. 7.

No. and date of Cheque granted on receipt.	Date of receipt.	On what account.	By whom given.	For what amount.	Remarks.

৭ নম্বর।

রসীদ লইয়া যে হুণ্ডী দেওয়া যায় তাহার নম্বর ও তারিখ	রসীদের তারিখ	যে বাবতে	যে দিয়াছে	যত টাকার	মন্তব্য কথা।

30th. Payments of sums less than 10 Rs. are to be made by Warrant on the Nazir, these Warrants and their corresponding Check headings are to be kept in a book after Form No. 8 by the Accountant who having filled up the Check heading and Warrant and obtained the signature of the Magistrate thereto, shall then separate the Warrant from the Book and duly issue it to the Nazir.

31st. To enable the Nazir to meet these orders he is to be furnished from time to time by the Magistrate with an advance of Rs. 100 for the expenditure of which he must duly account before he receives any further advance.

32d. All payments by the Nazir are to be made from the advances made to him by the Magistrate, never from sums received by him, and only upon Warrants,—cases of witnesses' diet money alone excepted, a receipt in the Blank Book of receipts and on the back of the Warrant being taken in each instance, the latter being forwarded with the accounts in support of charge.

33rd. Witnesses' diet money may be disbursed by the Nazir as required, and at the close of each case he should submit to the Magistrate, a Memorandum shewing the amount paid, and the surplus, if any to be returned, to the Plaintiff. A Warrant, or Cheque will then be issued, the total disbursements entered in the daily cash account, and the Memorandum filed with the case.

34th. When an order for the issue of a Cheque is passed by the Magistrate on a report, petition, or Kyfiut, if the party to whom it is to be granted is not in attendance, a note of the order should be made by the Accountant in his rough Memorandum book of orders, and his initials signed on the paper. This will prevent delay in issuing a purwana. But if the party is present, the Cheque is to be given at once.

[To be Continued.]

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 31.

To the Civil and Criminal Authorities in the Lower and Extra Regulation Provinces.

I am directed by the Court to forward to you, for your information and guidance, the accompanying copy of a letter No. 2315, dated the 26th ultimo, from the Officiating Under Secretary to the Government of Bengal, and its enclosure.

(Signed) C. T. BUCKLAND,
Register.

Fort William, the 3rd November, 1854.

No. 2315.

From the Offg. Under Secretary to the Government of Bengal, to the Register of the Sudder Court, dated Fort William, 26th October, 1854.

I am directed by the Lieutenant Governor of

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৫। ২ জানুআরি।]

৩০। ১০৲ টাকার ন্যূন সংখ্যার যে টাকা দেওয়া যায় তাহা নাজিরের নামে পরওয়ানার দ্বারা দেওয়া যাইবেক। ঐ পরওয়ানা ও তদনুযায়ি ৮ নম্বরের পাঠানুসারে মোকাবিলার শিরনামা এক বহীতে হিসাবরাখাণিয়ার নিকটে থাকিবেক। হিসাবরাখণিয়া ঐ মোকাবিলার শিরনামার ও পরওয়ানার অলিখিত কথা লিখিয়া ও তাহাতে মাজিষ্ট্রেট সাহেবের দস্তখৎ করাইয়া বহীহইতে ঐ পরওয়ানা কাটিয়া নাজিরের নিকটে উচিতমতে পাঠাইবেন।

৩১। নাজির ঐ হুণ্ডীর টাকা দিতে পারেন এই নিমিত্তে মাজিষ্ট্রেট সাহেব তাঁহাকে সময়ে২ এক২ শত টাকা আগাম দিবেন। সেই টাকা খরচ হইলে পর তাহার উচিতমতে হিসাব না দিলে তাঁহাকে আর কিছু টাকা আগাম দেওয়া যাইবেক না।

৩২। সাক্ষিরদের খোরাকীছাড়া নাজির যে সকল টাকা দেন তাহা তাঁহার উসুল করা টাকাহইতে দিবেন না কিন্তু ঐ যে টাকা মাজিষ্ট্রেট সাহেব তাঁহাকে আগাম দেন সেই টাকাহইতে দিবেন তাহাও কেবল পরওয়ানাক্রমে দিবেন। আর যতবার টাকা দেন ততবার অলিখিত বহীতে ও পরওয়ানার পৃষ্ঠে রসীদ লেখাইয়া লইবেন। ঐ পরওয়ানা খরচের প্রমাণস্বরূপ তাঁহার হিসাবের সঙ্গে পাঠাইতে হইবেক।

৩৩। সাক্ষিরদের খোরাকী নাজির প্রয়োজনমতে দিবেন। আর এক২ মোকদ্দমা সমাপ্ত হইলে তিনি যত টাকা দিয়াছেন তাহার ও ফাজিল যত টাকা ফরিয়াদীকে ফিরিয়া দিতে হইবেক তাহার এক স্মারক লিপি মাজিষ্ট্রেট সাহেবকে দিবেন। পরে পরওয়ানা কি হুণ্ডী জারী হইবেক ও যত খরচ হইয়াছে তাহার মবলগ প্রতিদিনের রোকড় বহীতে লেখা যাইবেক ও সেই স্মারক লিপি মোকদ্দমার নথীতে রাখা যাইবেক।

৩৪। মাজিষ্ট্রেট সাহেব কোন রিপোর্ট কি দরখাস্ত কি কৈফিয়ৎক্রমে হুণ্ডী দিবার হুকুম করিলে যাহাকে হুণ্ডী দিতে হইবেক সেই ব্যক্তি যদি হাজির না থাকে তবে হিসাবরাখণিয়া হুকুমের স্মারক লিপির বহীতে ঐ হুকুম টুকিয়া রাখিবেন ও কাগজে আপন নামের আদি অক্ষরে সহী করিবেন। ইহাতে পরওয়ানা দেওনের বিলম্ব নিবারণ হইবেক। কিন্তু সেই ব্যক্তি যদি হাজির থাকে তবে হুণ্ডী একেবারে দিতে হইবেক।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

৩১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ও আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত দেওয়ানী ও ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

সদর আদালতের হুকুমক্রমে তোমার বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত একটিং ছোট সেক্রেটারী সাহেবের গত মাসের ২৬ তারিখের ২৩১৫ নম্বরী পত্রের নীচের লিখিত নকল ও তাহার সঙ্গে প্রেরিত পত্রাদি তোমার নিকটে পাঠাইতেছি।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ৩ নবেম্বর।

২৩১৫ নম্বর।

সদর আদালতের শ্রীযুত রেজিষ্টর সাহেবের নিকটে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত একটিং ছোট সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৫৪ সাল ২৬ অক্টোবর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের

Bengal, to forward for the Court's information and guidance, and for the information and guidance of the Officers subordinate to the Court a copy of a letter No. 3411, of the 20th ultimo, from the Officiating Secretary to the Government of India in the Financial Department to the Civil Auditor.

(Signed) W. G. YOUNG,
Offg. Under Secy. to the Govt. of Bengal.

No. 3411.

To W. P. Palmer, Esq., Civil Auditor, Fort William.

I am directed to acknowledge the receipt of your letter No. 1518, dated the 31st ultimo, suggesting for adoption two modes which appear to you to meet the difficulties which exist in obtaining information, regarding the absences of Uncovenanted servants, and in reply to state that His Lordship in Council considers that pending the receipt of the Honourable Court's Order on a new Code for granting leave of absence to Uncovenanted Officers, which it is proposed to submit to them and which will prescribe a limit to the period of absence to be counted as service, the best course will be for the heads of Officers to report to you each case in which a *Substitute may be appointed* to act for an Officer on leave. You will by this means be apprized of all cases in which absence for more than a very few days is taken and you will give a full statement of such absences when reporting on a claim to Pension in order to enable Government to determine how much of such absences should be allowed to count as service.

2d. In regard to *past* leave, His Lordship in Council requests that you will, in each case, in which you are called upon to report to Government, regarding the period of service of a person applying for pension require, before sending in your report a statement from the Head of the Office in which the applicant is employed, of the periods of absence, during which a *Substitute has been appointed* in his room which will, in like manner, be submitted for the consideration of Government.

3d. In cases of Uncovenanted Officers appointed by Government, direct intimation of absence is given in the *Gazette* by which you will be guided in all such cases.

(Signed) C. H. LUSHINGTON,
Offg. Secy. to the Govt. of India.

Council Chamber,
The 20th September, 1854.

No. 3412.

Copy forwarded to the Government of Bengal.

(Signed) C. H. LUSHINGTON,
Offg. Under Secy. to the Govt. of India.

(True Copies)

R. STUART,
Asstt. Register.

হুকুমক্রমে সদর আদালতের বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে ও সদর আদালতের অধীন কার্য্যকারকেরদের বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে, শ্রীযুত সিবিল আডিটর সাহেবের নিকটে ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেব গত মাসের ২০ তারিখের ৩৪১১ নম্বরী যে পত্র পাঠান তাহার নকল পাঠাইতেছি।

ডবলিউ জি ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটারী।

৩৪১১ নম্বর।

ফোর্ট উলিয়মে সিবিল আডিটর শ্রীযুত ডবলিউ পি পামর সাহেব বরাবরেষু।

হুকুমমতে তোমাকে জানাইতেছি যে গত মাসের ৩১ তারিখের ১৫১৮ নম্বরী তোমার পত্র পাওয়া গিয়াছে। অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিষয়ে সম্বাদ পাইবার যে ক্লেশ হইতেছে তাহা নিবারণার্থ তুমি আপনার বিবেচনামতের উপযুক্ত দুই উপায় প্রস্তাব করিয়াছ। তাহার উত্তরে তোমাকে হুকুমমতে জানাইতেছি যে অচিহ্নিত কার্য্যকারকদিগকে ছুটী দেওনের নূতন বিধি শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের গোচরে অর্পণ করিবার অভিপ্রায় আছে। তাহাতে ঐ কার্য্যকারকেরদের যত দিনের ছুটী হইলে কর্ম্ম করিবার কালের মধ্যে গণ্য হইবেক তাহাও নির্দ্দিষ্ট থাকিবেক। আর হজুর কৌন্সেলে শ্রীযুক্ত বোধ করেন যে ঐ বিধির বিষয়ে শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের আজ্ঞা যেপর্য্যন্ত না পাওয়া যায় সেইপর্য্যন্ত উক্ত ক্লেশ নিবারণের অতিসদুপায় এই যে কোন কার্য্যকারক ছুটী লইলে তাঁহার স্থানে কর্ম্ম করিবার নিমিত্তে যখন বদলী নিযুক্ত হয় তখন তাহার রিপোর্ট সিরিশতার প্রধান কার্য্যকারক সাহেবেরা তোমার নিকটে করেন। যে২ স্থলে অত্যল্প দিনঅপেক্ষা অধিক কালের ছুটী লওয়া যায় তাহা তুমি এই উপায়ে অবগত থাকিবা। আর সেই প্রকারের কতবার ছুটী হইলে কর্ম্মের কালের মধ্যে গণ্য হইবার অনুমতি হইতে পারিবেক তাহা গবর্ণমেণ্ট নির্ণয় করিতে পারেন এই নিমিত্তে তুমি যখন পেনস্যানের দাওয়ার রিপোর্ট কর তখন সেই প্রকার ছুটীর সম্পূর্ণ বেওরা লিখিবা।

২। যে২ ছুটী পূর্ব্বে দেওয়া গিয়াছে তাহার বিষয়ে হজুর কৌন্সেলে শ্রীযুক্ত আদেশ করিতেছেন যে, পেনস্যান পাইবার দরখাস্ত যাহারা করে তাহারদের কর্ম্ম করিবার কালের বিষয় গবর্ণমেণ্টের নিকটে তোমাকে যতবার রিপোর্ট করিতে আজ্ঞা হয় ততবার তুমি ঐ রিপোর্ট দিবার পূর্ব্বে দরখাস্তকারী যে সিরিশ্তায় নিযুক্ত আছে সেই সিরিশ্তার প্রধান কার্য্যকারক সাহেবকে আদেশ কর যে, দরখাস্তকারির যে২ ছুটী লইবার সময়ে তাহার স্থানে বদলী নিযুক্ত হইয়াছিল সেই২ ছুটীর কালের রিপোর্ট তিনি লিখিয়া দেন সেই রিপোর্টও গবর্ণমেণ্টের বিবেচনার নিমিত্তে সেই প্রকারে অর্পণ করা যাইবেক।

৩। যে অচিহ্নিত কার্য্যকারকেরা গবর্ণমেণ্টকর্ত্তৃক নিযুক্ত হন তাঁহারদের ছুটীর স্পষ্ট বিজ্ঞাপন গেজেটে প্রকাশ হয়। সেই সকল স্থলে তুমি গেজেটের লিখিত কথামতে কার্য্য করিবা। সি এচ লশিংটন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

কৌন্সেল ঘর।
১৮৫৪ সাল ২০ সেপ্টেম্বর।

৩৪১২ নম্বর।

ইহার নকল বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের নিকটে অর্পণ হইল। সি এচ লশিংটন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

(যথার্থ নকল।)
আর ষ্টুআর্ট। আসিষ্টাণ্ট রেজিষ্টর।

NOTICE.

Notice is hereby given, that for the year 1855-56, and thenceforward until otherwise notified from this Office the undermentioned dates are to be the latest dates for the payment of arrears of Revenue in the settled Districts of the Lower Provinces and of all demands which by the Regulations and Acts in force are directed to be realized in the same manner as arrears of Revenue.

In Districts and for Mehals in which the Bengal or Umlee æra is current, with the exception of Zillahs Sylhet and Chittagong.

28th June.
28th September
12th January.
28th March.

In Districts and for Mehals in which the Fuslee æra is current

7th June.
28th September.
12th January.
28th March.

In Sylhet as before.

28th September.
18th January
18th April.

In Chittagong as before.

25th May.
25th September.
26th December.
25th February.

Petty Estates, the Jumma of which does not exceed 10 Rs. shall be liable to sale only once in the year, namely on the first sale day which may occur after the Kist of Chyte shall have become due. Estates with a Jumma exceeding 10 Rs., and not exceeding 50 Rs. shall be twice in the year liable to sale and Estates with a Jumma exceeding 50 Rs. and not exceeding 100 Rs. shall be liable to sale three times in the year.

The following are the latest dates fixed for the payment of the Revenue of small Estates with Jummas not exceeding 100 Rupees.

বিজ্ঞাপন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বাঙ্গলাপ্রভৃতি দেশের বন্দোবস্তহওয়া জিলার মধ্যে যে বাকী রাজস্ব এবং চলিত আইন ও আক্টের দ্বারা যে সকল দাওয়ার টাকা বাকী রাজস্বের ন্যায় আদায় করিবার হুকুম হইয়াছে তাহা ১৮৫৫। ৫৬ সালে ও তৎপর২ সালে দাখিল করিবার নীচের লিখিত শেষ দিবস নিরূপণ হইয়াছে আর এই দফ্তরখানাহইতে অন্য এত্তেলা না হওনপর্য্যন্ত ঐ দিবসের নিয়ম বহাল থাকিবেক।

ছিলট ও চাটিগাঁ জিলাভিন্ন যে২ জিলাতে ও যে২ মহালে বাঙ্গলা কি অমলী সন চলন আছে তাহাতে এই২ তারিখ নিরূপণ হইল।

২৮ জুন।
২৮ সেপ্টেম্বর।
১২ জানুআরি।
২৮ মার্চ।

যে২ জিলাতে ও মহালে ফসলী সন চলন আছে তাহাতে

৭ জুন।
২৮ সেপ্টেম্বর।
১২ জানুআরি।
২৮ মার্চ।

ছিলটে পূর্ব্বকারমতে

২৮ সেপ্টেম্বর।
১৮ জানুআরি।
১৮ আপ্রিল।

চাটিগাঁয় পূর্ব্বকারমতে

২৫ মে।
২৫ সেপ্টেম্বর।
২৬ ডিসেম্বর।
২৫ ফেব্রুআরি।

যে ক্ষুদ্র২ মহালের ১০৲ টাকার অধিক জমা না হয় তাহা বৎসরের মধ্যে কেবল একবার অর্থাৎ চৈত্র মাসের কিস্তি যে সময়ে পাওনা হয় তাহার পর নীলাম করিবার প্রথম দিবসে নীলাম হইতে পারিবেক। যে মহালের ১০৲ টাকার অধিক ও ৫০৲ টাকার অনধিক জমা হয় তাহা বৎসরে দুইবার নীলাম হইতে পারিবেক ও যে মহালের ৫০৲ টাকার অধিক ও ১০০৲ টাকার অনধিক জমা হয় তাহা বৎসরে তিনবার নীলাম হইতে পারিবেক।

যে ক্ষুদ্র২ মহালের ১০০৲ টাকার অধিক জমা না হয় তাহার রাজস্ব দিবার জন্যে নীচের লিখিত শেষ দিবস নিরূপণ হইয়াছে।

	Estates paying Revenue not exceeding 10 Rs.	Estates paying Revenue above 10 Rs. and not exceeding 50 Rs.	Estates paying Revenue above 50 Rs. and not exceeding 100 Rs.
Bengal and Umlee Districts,	28th June, ...	28th June and 12th January, ...	28th June, 12th January and 28th March.
Fuslee District, ...	7th June, ...	7th June and 12th January, ...	7th June, 12th January and 28th March.
Sylhet, ...	18th April, ...	18th April and 18th January, ...	18th April, 28th September and 18th January.
Chittagong, ...	25th May, ...	25th May and 25th Feoruary,...	25th May, 26th December and 25th February.

By order of the Board of Revenue, L. P.

Fort William, the 24th November, 1854.

A. Ghote, *Offg. Secretary.*

	যে মহালের ১০৲ টাকার অধিক জমা না হয়	যে মহালের ১০৲ টাকার অধিক ৫০৲ টাকার অনধিক জমা	যে মহালের ৫০৲ টাকার অধিক ও ১০০৲ টাকার অনধিক জমা হয়
বাঙ্গলা ও অমলী সনের জিলা ...	২৮ জুন	২৮ জুন ও ১২ জানুআরি	২৮ জুন ও ১২ জানুআরি ও ২৮ মার্চ।
ফসলী সনের জিলা	৭ জুন	৭ জুন ও ১২ জানুআরি	৭ জুন ও ১২ জানুআরি ও ২৮ মার্চ।
ছিলটে	১৮ আপ্রিল	১৮ আপ্রিল ও ১৮ জানুআরি	১৮ আপ্রিল ও ২৮ সেপ্টেম্বর ও ১৮ জানুআরি।
চাটিগাঁয়	২৫ মে	২৫ মে ও ২৫ ফেব্রুআরি	২৫ মে ও ২৬ ডিসেম্বর ও ২৫ ফেব্রুআরি।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর হুকুমক্রমে।

ফোর্ট উলিয়ম।
১৮৫৪ সাল ২৪ নবেম্বর।

এ গ্রোট।
একটিং সেক্রেটারী।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 29th December, 1854.

Baboo Gobind Chunder Bose, Moonsiff of Paragacha, Zillah Dacca, for three days.

Baboo Gopaul Chunder Ghose, Moonsiff of Mahomedpore, Zillah East Burdwan, for one day, the 25th instant.

C. T. BUCKLAND, *Register*.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৪ সাল ২৯ ডিসেম্বর।

জিলা ঢাকার পারাগাছার মুনসেফ শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র বসু তিন দিনের ছুটী পাইয়াছেন।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের মহম্মদপুরের মুনসেফ শ্রীযুত বাবু গোপালচন্দ্র ঘোষ বর্ত্তমান মাসের ২৫ তারিখে এক দিনের ছুটী পাইয়াছেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

২৬২৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ৩০ নবেম্বর।

শ্রীযুত আর জে উইগ্রাম সাহেব (Mr. R. J. Wigram,) ও শ্রীযুত বাবু তারকনাথ চাটুয্যা হাবড়ায় ও উত্তরপাড়ায় বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

বিজ্ঞাপন।

১৮৫৪ সাল ৩০ নবেম্বর।

শ্রীযুত বি এফ হাল সাহেব ও শ্রীযুত জে ডি ওয়ার্ড সাহেব (Messrs. B. F. Hall, and J. D. Ward,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেকটর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশ্তায় নিযুক্ত হইয়া বর্ত্তমান মাসের ১৪ তারিখে "হিন্দুস্থান" নামক বাষ্পীয় জাহাজে রাজধানীতে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[*Government Gazette, 2nd January*, 1855.]

২৬৫১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ২ ডিসেম্বর।

রঙ্গপুরের জজ শ্রীযুত ডবলিউ বেল সাহেব (Mr. W. Bell,) ভাগলপুরের সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জি ইউ ইউল সাহেব (Mr. G. U. Yule,) রঙ্গপুরের সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেব (Mr. F. A. E. Dalrymple,) দিনাজপুরের কালেক্টরীর কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৪ সাল ৫ ডিসেম্বর।

শ্রীযুত এ জে হে সাহেব (Mr. A. J. Hay,) শাহাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত এচ বি সিমসন সাহেব (Mr. H. B. Simson,) ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

মুঙ্গেরের সদর আমীন শ্রীযুত মৌলবী ওয়াহীউদ্দীন মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৪ সাল ৬ ডিসেম্বর।

শ্রীযুত ডবলিউ জে মনি সাহেব (Mr. W. J. Money,) ও শ্রীযুত জে বীম সাহেব (Mr. J. Beau,) ও শ্রীযুত মৌলবী সৈয়দ ওয়াহীউদ্দীন ও শ্রীযুত রাজা জয়নারায়ণ সিংহ

ও শ্রীযুত মহন্ত কৃপাল ভারতী মুঙ্গেরে বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

১৮৫৪ সাল ৭ ডিসেম্বর।

শ্রীযুত টকর সাহেবের (Mr. Tucker,) ছুটী লইয়া অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত মুঙ্গেরের সদর আমীন শ্রীযুত মৌলবী সৈয়দ ওয়াহীউদ্দীন ঐ স্থানের মাজিস্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৪ সাল ৮ ডিসেম্বর।

শ্রীযুত বোফর্ট সাহেবের (Mr. Beaufort,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এস এফ ডেবিস সাহেব (Mr. S. F. Davis,) পাবনার জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৪ সাল ৩০ নবেম্বর।

যশোহরের সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত বাবু আনন্দচন্দ্র বাঁড়ুয্যা চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ৫ ডিসেম্বর।

বীরভূমের মাজিস্ট্রেট শ্রীযুত জি জি বালফোর সাহেব (Mr. G. G. Balfour,) ছুটীবিষয়ক নূতন বিধির ১৩ ধারানুসারে দুই মাসের ছুটী পাইয়াছেন।

দ্বিতীয় অর্থাৎ দক্ষিণাংশের রেবিনিউ সরবেয়র শ্রীযুত মেজর আর স্মৈথ সাহেব (Major R. Smyth.) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ৭ ডিসেম্বর।

মুঙ্গেরের মাজিস্ট্রেট শ্রীযুত ডবলিউ টি টকর সাহেব (Mr. W. T. Tucker,) বিধির ১৩ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ৮ ডিসেম্বর।

ত্রিপুরার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী সৈয়দ আব্বাস আলী গত অক্টোবর মাসের ৩১ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

পাবনার জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ এল বোফর্ট সাহেব (Mr. F. L. Beaufort,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ৯ ডিসেম্বর।

বর্দ্ধমানের মাজিস্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এস এচ সি টেলর সাহেব (Mr. S. H. C. Tayler,) স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ১৩ তারিখঅবধি ৩১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৪ সাল ২৮ নবেম্বর।

বীরভূমের এদেশীয় পূর্ব্বকার চিকিৎসক শ্রীযুত যদুনাথ মুখুয্যার নাম সরকারী কর্ম্মেতে নিযুক্ত চিকিৎসকেরদের ফর্দ্দহইতে কাটা গিয়াছে।

১৮৫৪ সাল ৩০ নবেম্বর।

সিবিলসম্পর্কীয় সিরিশ্‌তার নীচের লিখিত সাহেবেরা রাজধানীতে আপনারদের প্রত্যাগমনের রিপোর্ট করিয়াছেন।

শ্রীযুত সি ডি রসেল সাহেব (Mr. C. D. Russell,) গত মাসের ১০ তারিখে "সেলমা" নামক জাহাজে কেপহইতে আইসেন।

শ্রীযুত এচ সি মেটকাফ সাহেব (Mr. H. C. Metcalfe,) গত মাসের ১৪ তারিখে "জালাবর" নামক জাহাজে কেপহইতে আইসেন।

শ্রীযুত আর এফ হজসন সাহেব (Mr. R. F. Hodgson,) বর্ত্তমান মাসের ২ তারিখে "ওরিএণ্টাল" নামক বাষ্পীয় জাহাজে সিডনিহইতে আইসেন।

শ্রীযুত এফ লৌথ সাহেব (Mr. F. Lowth) বর্ত্তমান মাসের ২ তারিখে "ওরিএণ্টাল" নামক বাষ্পীয় জাহাজে কেপহইতে আইসেন।

১৮৫৪ সাল ৬ ডিসেম্বর।

শ্রীযুত পাদরী জে বীচর সাহেব ও পাদরী এচ এচ হারিংটন সাহেব (Rev. J. Becher, and Rev. H. H. Harrington,) "সংলেজ" নামক জাহাজে গত মাসের ২৫ তারিখে কেপহইতে রাজধানীতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

শ্রীযুত পাদরী ডবলিউ ডবলিউ ফেলপস সাহেব (Rev. W. W. Phelps,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের আসিষ্টাণ্ট ধর্ম্মোপদেশকতা পদে নিযুক্ত হইয়া বর্ত্তমান মাসের ৪ তারিখে "বোম্বাই" নামক বাষ্পীয় জাহাজে রাজধানীতে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২৬৭০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ৮ ডিসেম্বর।

শ্রীযুত ডবলিউ জে হর্সল সাহেব (Mr. W. J. Herschel,) রাজশাহীর মাজিস্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

১৮৫৪ সাল ৯ ডিসেম্বর।

চব্বিশপরগনার জজ শ্রীযুত জে এস টরেন্স সাহেব (Mr. J. S. Torrens,) উক্ত জিলায় ১৮২৮ সালের ৩ আইনানুসারে সেসসিয়ল কমিস্যনরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৪ সাল ১১ ডিসেম্বর।

শ্রীযুত আর এম স্কিনর সাহেবের (Mr. R. M. Skinner,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এফ লৌথ সাহেব (Mr. F. Lowth,) আগামি মাসের ৭ তারিখঅবধি যশোহরের সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৪ সাল ১৩ ডিসেম্বর।

শ্রীযুত জে এচ ইয়ং সাহেব (Mr. J. H. Young,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত পূর্ব্ব বর্দ্ধমানের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের বর্ত্তমান সময়ে দেশপর্য্যটন কালে শ্রীযুত কাপ্তান এচ সি জেমস সাহেব (Captain H. C. James,) তাঁহার ছাউনিসম্পর্কীয় ডাকাধ্যক্ষ হইবেন।

শ্রীযুত বাবু রামনারায়ণ সমাদ্দার অতিরিক্ত ডেপুটী কালেক্টর হইবেন।

ছুটী।

১৮৫৪ সাল ৫ ডিসেম্বর।

ফরিদপুরের জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ সি রেক্স সাহেব (M. H. C. Raikes,) ছুটীবিষয়ক নূতন বিধির ১৩ ধারানুসারে পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ৮ ডিসেম্বর।

সেণ্ট আন্ড্রু গীর্জার ছোট ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরী আর হেণ্ডর্সন সাহেব (Reverend R. Henderson,) ১৮৫১ সালের মার্চ মাসের ২০ তারিখের সৈন্যসম্পর্কীয় বিধির অনুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[Government Gazette, 2nd January, 1855.]

GOVERNMENT ADVERTISEMENT.

OPIUM.

গবর্নমেণ্টের ইশ্‌তিহার।

আফিম।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৫ সাল তারিখ ১০ জানেওয়ারি বুধবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫৩।৫৪ সালের পয়দায়শী আফিমের প্রথম নীলাম হইবেক এবং ঐ নীলামে ৪৪৪০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দায়শী আফিম	...	...	...	৩০৪৫
বানারসের পয়দায়শী আফিম	...	...	...	১৩৯৫
জুমলা সিন্দুক				৪৪৪০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন ১৮৫৪ সালের ৬ ডিসেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৫৫ সালের ১৫ এবং ২৫ জানেওয়ারি এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামী খরিদারান যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সব-ত্রেজর সাহেবের দস্তখতী ত্রেজুরি রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী যাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫৫ সালের ১৫ জানেওয়ারি সোমবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসি সববে কিস্মতের পূরা টাকার দরুণ কোন ত্রেজুরি রসিদ সন ১৮৫৫ সালের ২৫ জানেওয়ারি বৃহস্পতিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম সেওয়ায় সন ১৮৫৫ সালে নীচের লিখিত মেকদার সন ১৮৫৩।৫৪ সালের বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক। আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন ইতি।

				বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৫৫ সালের	৮ ফেব্রুআরি	বৃহস্পতিবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৪৫	১৩৯৫	৪৪৪০
ঐ	৮ মার্চ	বৃহস্পতিবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৪৫	১৩৯৫	৪৪৪০
ঐ	৯ এপ্রেল	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৪৫	১৩৯৫	৪৪৪০
ঐ	৮ মে	মঙ্গলবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৪৫	১৩৯৫	৪৪৪০
ঐ	৮ জুন	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৪৫	১৩৯৫	৪৪৪০
ঐ	৯ জুলাই	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৪৫	১৩৯৫	৪৪৪০
ঐ	৮ আগষ্ট	বুধবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৪৫	১৩৯৫	৪৪৪০
ঐ	৭ সেপ্টেম্বর	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৪৫	১৩৯৫	৪৪৪০
ঐ	৮ অক্টোবর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৪৫	১৩৯৫	৪৪৪০
ঐ	৮ নবম্বর	বৃহস্পতিবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৪৫	১৩৯৫	৪৪৪০
ঐ	৭ ডিসেম্বর	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৫০	১৪২৯	৪৪৭৯
				৩৩৫০০	১৫০৭৯	৪৮৮৭৯

বিযৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৫৪ সাল তারিখ ৬ ডিসেম্বর।

এ আর ইয়ং। ছোট সেক্রেটারী।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে রঙ্গপুর জিলার নৈঋত কোণস্থ বদরগঞ্জের খেয়াঘাটের উপর অথচ দিনাজপুর ও রঙ্গপুর গমনাগমনের সরে রাস্তার এবং জমুনেশ্বরী নদীর ধারে কাশীগঞ্জনামক স্থানে ৩ বর্ষ যাবৎ ৩০ মাঘ এক মেলা আরম্ভ হইয়া সপ্তাহপর্য্যন্ত থাকে ঐ মেলায় নানা দ্রব্য আগত হইলে ক্রয়বিক্রয় হয় এবং এই মেলা করিয়া তেতুলিয়ার মেলা করা যায়। কোন প্রকার টেক্স বা খাজানা লাগে না এবং কোন ভয় নাহি যেহেতুক ভূম্যধিকারি মহাশয়দিগের সম্পূর্ণ তদারকে ইহা স্থাপিত হইয়াছে ইতি।

শ্রীদীননাথ চট্টোপাধ্যায়।

কুণ্ডী গোপালপুর। ১২৬১। ২২ অগ্রহায়ণ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৫। ২ জানুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 778 ৭৭৮)

গবর্ণমেণ্ট গেজেট্

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JANUARY 9, 1855.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৫ সাল ৯ জানুআরি

CIRCULAR ORDER OF THE ACCOUNTANT GENERAL.

To the Collectors of the Lower Provinces.

[Continued from page 10.]

35th. Salaries of establishment are to be paid in portions by Cheque in favor of certain individuals to be selected for the purpose, so as to avoid the issue of more Cheques than necessary. The next Thannah establishment is to be drawn by Cheque in favor of the burkundauze sent from the Thannah to receive it.

36th. Magistrates and other officers subscribing to Funds must draw their pay in separate bills, and have them cashed at the Collectorate. With these exceptions all audited bills for Judicial charges are to be debited in the Magistrate's accounts and paid by Cheques.

37th. Prisoner's diet money due to the contractor is to be paid to him by Cheque at the periods agreed upon.

38th. Payment for raw materials purchased for the Jail manufactures, should be made, when practicable, direct to the persons selling them, and in no case by, or through, the Jail Darogah.

আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরক্যুলর অর্ডর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

[১০ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

৩৫। সিরিশ্তার আমলাগণের বেতন অংশ২ করিয়া, ঐ কার্য্যের নিমিত্তে নিযুক্ত বিশেষ২ ব্যক্তিদের নামে দেওয়া হুণ্ডীতে দিতে হইবেক। তাহাতে যত হুণ্ডী দেওয়া আবশ্যক হয় তাহার অধিক না দেওয়া যায়। থানার সিরিশ্তার বেতনের মোট টাকা গ্রহণ করিতে, ঐ থানাহইতে যে বরকন্দাজকে পাঠান যায়, তাহার নামে দেওয়া হুণ্ডীর দ্বারা লওয়া যাইবেক।

৩৬। মাজিষ্ট্রেট সাহেবেরা ও অন্য যে কার্য্যকারকেরা কোন তহবীলে টাকা দিয়া থাকেন তাঁহারদের আপন২ বেতন পৃথক্ বিল করিয়া লইতে হইবেক ও সেই বিলের টাকা কালেক্টরীতে লইতে হইবেক। তাহা ছাড়া বিচারআদালতের খরচের বাবৎ আডিটকরা সকল বিলের টাকা মাজিষ্ট্রেট সাহেবের হিসাবে খরচ লিখিতে হইবেক ও হুণ্ডীর দ্বারা তাহার টাকা দেওয়া যাইবেক।

৩৭। কয়েদীরদের যে খোরাকী চুক্তিকারকের পাওনা আছে তাহা নিরূপিত সময়ে তাহাকে হুণ্ডীর দ্বারা দেওয়া যাইবেক।

৩৮। জেলখানাতে নির্ম্মিত দ্রব্যের জন্যে যে অপ্রস্তুত দ্রব্য ক্রয় করা যায় তাহার মূল্য যতবার হইতে পারে ততবার একেবারে ঐ বিক্রেতারদিগকে দিতে হইবেক। কিন্তু জেলদারোগাকে কি তাহার দ্বারা কখন দিতে হইবেক না।

No. 1.

Daily Cash Account of the Magistrate's Court of Zillah ———

Dr.										Cr.							
1854. July 3rd.	To Balance brought forward, ...							000	0	0	By Judicial Remittances. Remitted to the Collector's Treasury by the Nazir on account of Fines, &c., as per Collector's Dakhilla, dated				000	0	0	
	To Judicial Charges General. *Fines and Forfeitures.* Received from the Darogah of on account of fines realized from the following Chowkedars on account of neglect of duty, viz. :—										Paid into Ditto by the Darogah of on account of Sale proceeds of Defendant's property as per Do., ...				000	0	0	
	No. 156, Gopaul Chowkedar, ...			0	0	0					Do. into Do. by the Izardar of on account of Ferry Collections as per Do., ...				000	0	0	000	0	0
	„ 143, Kasee Do., ...			0	0	0					By Advances. Paid to the Darogah of on account of Cooly hire for conveying a sign board to as per Nazir's daily account, ...				00	0	0			
	„ 190, Bolaky Do., ...			0	0	0	00	0	0		Do. to Jail Contractor for diet of Prisoners as per Book of Disbursements, ...				000	0	0			
	Do. from the Nazir on account of Do. realized from the following Defendants in different cases, viz. :—										Do. for purchase of Raw Materials for Jail manufactures as per Do., ...				000	0	0			
	Case No. 418, Ramdhone Chutto, ...			0	0	0					Do. to Jail Darogah for Jail contingencies for the current month as per Do., ...				000	0	0			
	„ „ 520, Ramcoomar Bundo, ...			0	0	0					Do. to Nazir for Office Do. for Do. as per Do., ...				000	0	0	000	0	0
	„ „ 711, Mr. Young, ...			0	0	0	00	0	0		By Judicial Charges General. Amount of fine refunded to by a Cheque No. dated as per Sessions Judge's order, ...				000	0	0			
	Do. from the Darogah of on account of sale proceeds of unclaimed property as per Chellan No. dated instant, ...						00	0	0	000	0	0	Amount of Jail contingencies for last month as per Bill audited by the Civil Auditor on the				000	0	0			
	To Judicial Remittances. Received from the Collector by a Cheque No. dated instant for repayment of Deposits, ...						000	0	0									000	0	0
	Received from the Collector on account of an advance by a Cheque No. dated instant in favor of Nazir, ...						000	0	0											
	Do. from Do. on account Do. by a Do. No. dated instant in favor of Jail Contractor, ...						00	0	0											
	Do. from Do. on account Do. by a Do. No. dated instant in favor of the Magistrate for the purchase of Raw Materials, ...						00	0	0											
										000	0	0								
	Carried forward,										Carried forward, ..							000	0	0

১ নম্বর।

অমুক জিলার মাজিষ্ট্রেট সাহেবের প্রতিদিনের রোকড় বহী।

খরচ			জমা		
১৮৫৪ ৩ জুলাই					
	জের টানিয়া আনা গেল	০০০৲		বিচারআদালতের প্রেরিত টাকা।	
	বিচারআদালতের সাধারণ খরচ।			কালেক্টর সাহেবের অমুক তারিখের দাখিলার মতে নাজির জরীমানা-প্রভৃতির বাবৎ কালেক্টর সাহেবের খাজানাখানায় পাঠান ...	০০০৲
	জরীমানা ও অর্থদণ্ড।			ঐ মতে অমুক স্থানের দারোগা আসামীরদের সম্পত্তির নীলামের উৎপন্ন ঐ পাঠান	০০০৲
	অমুক স্থানের দারোগার স্থানে নীচের লিখিত চৌকীদারেরদের কর্ম্মের দোষপ্রযুক্ত যে জরীমানা আদায় হয় তাহা।			ঐ মতে গুদারাঁর উসুলকরা টাকার বাবৎ অমুক স্থানের ইজারদার ঐ পাঠান	০০০৲
	১৫৬ নং গোপাল চৌকীদার	০৲			০০০৲
	১৪৩ নং কাশী ঐ	০৲		আগাম দেওয়া টাকা।	
	১৯০ নং বলাকী ঐ	০৲		অমুক স্থানে সাইন বোর্ড পাঠাইবার জন্যে মুটীয়ার খরচ অমুক স্থানের দারোগাকে দেওয়া যায়। নাজিরের প্রতিদিনের হিসাবমতে	০০৲
		০০৲		কয়েদীরদের খোরাকের জন্যে জেলের চুক্তিকারককে দেওয়া যায়। খরচের বহীমতে	০০০৲
	নাজিরের স্থানে। নানা মোকদ্দমায় নীচের লিখিত আসামীরদের স্থানে ঐ আদায় হয়।			জেলখানায় দ্রব্য নির্ম্মাণের জন্যে অপ্রস্তুত দ্রব্য ক্রয় করণের নিমিত্তে ঐ মতে	০০০৲
	৪১৮ নম্বরের মোকদ্দমায়। রামধন চট্টো	০৲		চলন মাসে জেলখানায় বাজেখরচের জন্যে জেলদারোগাকে দেওয়া যায় ঐ মতে	০০০৲
	৫২০ „ „ রামকুমার বন্দো	০৲		ঐ দফতরখানার ঐ নাজিরকে দেওয়া যায় ঐ মতে	০০০৲
	৭১১ „ „ ইয়ং সাহেব	০৲			০০০৲
		০০৲		বিচারআদালতের সাধারণ খরচ।	
	অমুক স্থানের দারোগার স্থানে। বর্ত্তমান মাসের অমুক তারিখের অমুক নম্বরের চালানমতে লাদাহী সম্পত্তির বিক্রয়ের উৎপন্ন ...	০০৲		সেশন জজ সাহেবের হুকুমমতে অমুক তারিখের অমুক নম্বরের হুণ্ডী-মতে অমুককে জরীমানার টাকা ফিরিয়া দেওয়া গেল	০০০৲
	বিচারআদালতের প্রেরিত টাকা।	০০০৲		গত মাসে জেলখানার বাজেখরচের মোট অমুক তারিখে সিবিল আ-ডিটর সাহেবের আডিটকরা বিলক্রমে	০০০ ০০০৲
	কালেক্টর সাহেবের স্থানে। বর্ত্তমানমাসের অমুক তারিখের অমুক নম্বরী হুণ্ডীর দ্বারা আমানতী টাকা ফিরিয়া দেওনের বাবৎ ...	০০০৲		জের	০০০৲
	কালেক্টর সাহেবের স্থানে। নাজিরের নামে বর্ত্তমান মাসের অমুক তারিখের অমুক নম্বরের হুণ্ডীর দ্বারা আগাম টাকার বাবৎ ...	০০০৲			
	ঐ। জেলের চুক্তিকারকের নামে বর্ত্তমান মাসের অমুক তারিখের অমুক নম্বরী ঐ ঐ বাবতে	০০৲			
	ঐ। মাজিষ্ট্রেট সাহেবের নামে বর্ত্তমান মাসের অমুক তারিখের অমুক নম্বরী ঐ। অপ্রস্তুত দ্রব্য খরীদ করিবার বাবৎ	০০৲	০০০		
	জের				

	Brought forward, ...		000 0 0
To DEPOSITS. Received from the Darogah of on account of sale proceeds of property of the following Defendants as per Chellan No. dated instant, viz. :—			
	Ramchunder Chung, ...	00 0 0	
	Hurgovind Dhole, ...	00 0 0	000 0 0
To UNAPPROPRIATED FERRY FUND. Received from Izardar of Ferry Ghaut on account of Ferry Collections for June last as per Chellan No. dated instant,...			000 0 0
To ADVANCES. Refunded by Jail Darogah on account of an advance made to him as per book of Disbursements for Jail Contingencies, ...			000 0 0
	Total Company's Rupees, ...		000 0 0

	জের টানিয়া		০০০৲
আমানতী টাকা। অমুক স্থানের দারোগার স্থানে বর্ত্তমান মাসের অমুক তারিখের অমুক নম্বরী চালানক্রমে নীচের লিখিত আসামীরদের সম্পত্তির নীলামের উৎপন্ন টাকা পাওয়া গেল যথা।			
	রামচন্দ্র চঙ্গ	০০৲	
	হরগোবিন্দ ঢোল...	০০৲	০০০৲
গুদারার তহরীলের যে টাকা বিশেষ কর্ম্মে নির্দ্দিষ্ট নহে। অমুক গুদারার ঘাটের ইজারদার শ্রী অমুকের স্থানে বর্ত্তমান মাসের অমুক তারিখের অমুক নম্বরী চালানমতে গত জুন মাসের উসুলহওয়া গুদারার টাকা			০০০৲
আগাম টাকা। অমুক স্থানের জেলদারোগাকে জেলখানার বাজেখরচের বহীমতে যে টাকা আগাম দেওয়া যায় তাহাহইতে ফিরিয়া দিয়াছেন			০০০৲
	মেটি কোম্পানির টাকা		০০০৲

	Brought forward	000 0 0
	By Deposits.	
	Amount repaid to by a	
	Cheque No. dated the 00 0 0	
	Do. to by a Do. No.	
	dated the 000 0 0	000 0 0
	By Produce of Work done by Convicts.	
	Amount expended for the purchase of Raw Materials for Jail Manufactures as per Bill passed by the Civil Auditor on the	000 0 0
	By Balance of Cash in the hands of the Nazir	000 0
	Total Company's Rupees,	000 0 0

	জের টানিয়া	০০০৲
	আমানতী টাকা।	
	অমুক তারিখের অমুক নম্বরী হুণ্ডীতে শ্রী অমুককে ফিরিয়া দেওয়া যায় ... ০০৲	
	অমুক তারিখের অমুক নম্বরের ঐ ঐ ... ... ০০০৲	০০০৲
	কয়েদীরদের কর্ম্মের উৎপন্ন।	
	জেলখানায় দ্রব্য নির্ম্মাণের নিমিত্তে অপ্রস্তুত দ্রব্য খরীদ করিবার বাবৎ। সিবিল আডিটর সাহেবের অমুক তারিখের আডিটকরা বিলমতে	০০০৲
	নাজিরের হাতে মৌজুদ	০০০৲
	মোট কোম্পানির টাকা	০০০৲

		To Balance brought forward ...	000 0 0
1864. July 15.	To CHOWKEDARY. Received from the Sudder Buxee on account of Chowkedary Collections for June last as per Chellan No. dated instant		000 0 0
	To JUDICIAL REMITTANCES. Received from the Collector on account of Salary of Establishment for June last by a Cheque No. dated instant		000 0 0
		Total Company's Rupees,	000 0 0

১৮৫৪	জের টানিয়া	০০০৲
১৫		
জুলাই	চৌকীদারী। সদর রকশীর স্থানে বর্ত্তমান মাসের অমুক তারিখের অমুক নম্বরের চালানমতে গত জুন মাসের চৌকীদারীর উসুলকরা টাকার বাবৎ	০০০৲
	বিচারআদালতের প্রেরিত টাকা। কালেক্টর সাহেবের স্থানে গত জুন মাসের আমলারদের বেতনের বাবৎ বর্ত্তমান মাসের অমুক তারিখের অমুক নম্বরের হুণ্ডীমতে	০০০৲
	মোট কোম্পানির টাকা ...	০০০৲

1854. July 15.	By Chowkedary.			
	Paid on account of Establishment, viz. on account of Salary of Sudder Buxee, ...	00 0 0		
	Do. of Chowkedars, ...	00 0 0	000	0 0
	By Judicial Charges General.			
	Amount of Salary of Establishment of this Court for June 1854, as per Abstract passed by the Civil Auditor on the		000	0 0
	By Judicial Remittances.			
	Paid into the Collector's Treasury by the Sudder Buxee on account of Chowkedary Collections, ...		00	0 0
	By Balance Cash in the hands of the Nazir, ...		00	0 0
	Total Company's Rupees		000	0 0

১৮৫৪। ১৫ জুলাই	চৌকীদারী।			
	সিরিশ্‌তার আমলারদের বাবৎ			
	সদর বক্‌শীর বেতন	০০৲		
	চৌকীদারেরদের ঐ	০০৲	০০০৲	
	বিচারআদালতের সাধারণ খরচ।			
	সিবিল আডিটর সাহেবের অমুক তারিখে কবুলকরা বিলমতে এই আদালতের সিরিশ্‌তার ১৮৫৪ সালের জুন মাসের বেতন		০০০৲	
	বিচারআদালতের প্রেরিত টাকা।			
	সদর বক্‌শী কালেক্টর সাহেবের খাজানাখানায় চৌকীদারীর উসুল করা টাকার বাবৎ দাখিল করেন	০০৲		
	নাজিরের হাতে মৌজুদ	০০৲		
	মোট কোম্পানির টাকা		০০০৲	

No. 2.

LEDGER.

INDEX.

A	Pages.	P	Pages.
Advances, ...	1 to 4	Produce of work done by Convicts, ...	27 to 30
C		Profit and Loss, ...	31 to 32
Chowkedary, ...	14		
Cattle Fine Fund, ...	17 and 18		
D			
Deposits, ...	5 to 7		
F			
Ferry Fund Appropriated, ...	8		
Unappropriated,	9 to 12		
Fund, ...	20		
J			
Judicial Remittances, ...	22 to 24		
Judicial Charges General, ...	25 and 26		

[To be Continued.]

২ নম্বর।

খতিয়ান।

নির্ঘণ্ট।

আ	পৃষ্ঠা	ল	
আগাম দেওয়া টাকা	১—৪	লাভ নোক্সান	৩১—৩২
আমানৎ	৫—৭		
ক			
কয়েদীরদের কর্ম্মের উৎপন্ন ..	২৭—৩০		
গ			
গুদারার তহবীলের বিশেষ কর্ম্মে নির্দ্দিষ্ট টাকা	৮		
——— ঐ অনির্দ্দিষ্ট ..	৯—১২		
গুদারার তহবীল	২০		
চ			
চৌকীদারী	১৪		
প			
পাথর জরীমানার তহবীল	১৭—১৮		
ব			
বিচার আদালতের প্রেরিত টাকা ...	২২—২৪		
বিচার আদালতের সাধারণ খরচ ...	২৫—২৬		

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 34.

To the Civil Judges in the Lower Provinces.

The Sudder Dewanny Adawlut notify for general information, that their Court will be closed on the dates indicated in the annexed Memorandum, being the days on which English, Mahomedan and Hindoo Holidays will take place in the year 1855, and they hereby authorize the closing of the Civil Courts in the several Districts under their control, for the same periods.

Fort William, the 1st December, 1854.

(Signed) C. T. BUCKLAND, *Register.*

Memorandum of English, Mahomedan and Hindoo Holidays in the year 1855.

Names of Holidays.	English Months.	Bengalee Months.	Days of the Week.
New Year's Day,	1st January, 1855,	18th Pous, 1261,	Monday.
Bussunt Punchomee,	22nd and 23rd Do.,	10th and 11th Maugh,	Monday and Tuesday.
Sheorattree,	15th and 16th February,	4th and 5th Falgoon,	Thursday and Friday.
Dole Jattrah,	3rd to 5th March,	20th to 22nd Do.,	Saturday to Monday.
Baroonee Usnan,	16th March,	4th Chyet,	Friday.
Ram Nowomee,	27th Do.,	15th Do.,	Tuesday.
Good Friday,	6th April,	25th Do.,	Friday.
Churruck Poojah,	11th and 12th Do.,	30th and 31st Do.,	Wednesday and Thursday.
Subeburat,	2nd May,	20th Bysak, 1262,	Wednesday, but if the Moon be visible on the 17th April, then on the 1st May, Tuesday.
Eclipse of the Sun,	16th May,	3rd Joest,	Wednesday.
Queen's Birth-day,	24th Do.,	11th Do.,	Thursday.
Dusohara Gunga Poojah,	26th Do.,	13th Do.,	Saturday.
Usnan Jattrah,	31st Do.,	18th Do.,	Thursday.
Edel Fitur,	17th and 18th June,	4th and 5th Assaur,	Sunday and Monday, but if the Moon be visible on the 15th June, then on the 16th and 17th June, Saturday and Sunday.
Ruth Jattrah,	16th July,	1st Srawun,	Monday.
Ooltah Ruth,	24th Do.,	9th Do.,	Tuesday.
Edo Zohah,	24th and 25th August,	9th and 10th Bhadoon,	Friday and Saturday, but if the Moon be visible on the 13th August, then on the 23rd and 24th August, Thursday and Friday.

Names of Holidays.	English Months.	Bengalee Months.	Days of the Week.
Ruksha Bundun, ...	27th August, ...	12th Bhadoon, ...	Monday.
Junum Ustomee, ...	3rd and 4th September, ...	19th and 20th Do., ...	Monday and Tuesday.
Mohurum and Dusserah vacations including Mohaloya, Dewalee and Bhyedooz, ...	14th September to 10th November, ...	30th Bhadoon to 25th Kartick, ...	Friday to Saturday, but if the Moon be visible on the 12th September, then from the 13th September to 10th November, Thursday to Saturday.
Kartick Poojah, ...	15th and 16th November, ...	30th Kartick and 1st Ughran, ...	Thursday and Friday.
Jugudhatree Poojah, ...	18th and 19th Do., ...	3rd and 4th Ughran, ...	Sunday and Monday.
Futeh Douzduhum,...	23rd November, ...	8th Ughran, ...	Friday, but if the Moon be visible on the 10th November, then on the 22nd November, Thursday.
Christmas Day, ...	25th December, ...	11th Pous, ...	Tuesday.

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

৩৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

সদর দেওয়ানী আদালতের সাহেবেরা সকল লোককে জানাইতেছেন যে ১৮৫৫ সালে ইঙ্গরেজ ও হিন্দু ও মুসলমানের পরবের নিমিত্তে সদর আদালত পশ্চাৎ লিখিত তালিকার নির্দ্দিষ্ট দিবসে বন্দ হইবেক এবং তাঁহারদের অধীন নানা জিলার দেওয়ানী আদালত সেই২ দিবসে বন্দ করিতে হুকুম দিতেছেন।

ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ১ ডিসেম্বর।

সি. টি বক্‌লাণ্ড। রেজিষ্টর।

১৮৫৫ সালে ইঙ্গরেজ ও মুসলমান ও হিন্দুরদের পরবের তালিকা।

পরবের নাম	ইঙ্গরেজী মাস	বাঙ্গলা মাস	সপ্তাহের দিন।
নূতন বৎসরের আরম্ভ	১৮৫৫ সাল ১ জানুআরি	১২৬১। ১৮ পৌষ	সোমবার
বসন্ত পঞ্চমী	„ ২২। ২৩ ঐ	„ ১০, ১১ মাঘ	সোম ও মঙ্গলবার
শিবরাত্রি	„ ১৫। ১৬ ফেব্রুআরি	„ ৪, ৫ ফাল্গুণ	বৃহস্পতি ও শুক্রবার
দোলযাত্রা	„ ৩। ৪, ৫ মার্চ	„ ২০, ২১, ২২ ঐ	শনি রবি সোমবার

পরবের নাম।	ইঙ্গরেজী মাস	বাঙ্গলা মাস	সপ্তাহের দিন।
বারুণী স্নান	১৮৫৫ সাল ১৬ মার্চ	১২৬১ সাল ৪ চৈত্র	শুক্রবার
রামনবমী	„ ২৭ ঐ	„ ১৫ ঐ	মঙ্গলবার
গুডফ্রাইডে	„ ৬ আপ্রিল	„ ২৫ ঐ	শুক্রবার
চড়কপূজা	„ ১১, ১২ ঐ	„ ৩০। ৩১ ঐ	বুধ ও বৃহস্পতিবার
শুবিবরাৎ	„ ২ মে	১২৬২ সাল ২০ বৈশাখ	বুধবার কিন্তু যদি চন্দ্র ১৭ আপ্রিল তারিখে দেখা যায় তবে ১ মে। মঙ্গলবার
সূর্য্যগ্রহণ	„ ১৬ ঐ	„ ৩ জ্যৈষ্ঠ	বুধবার
মহারাণীর জন্মদিন	„ ২৪ ঐ	„ ১১ ঐ	বৃহস্পতিবার
দশহরা গঙ্গাপূজা	„ ২৬ ঐ	„ ১৩ ঐ	শনিবার
স্নানযাত্রা	„ ৩১ ঐ	„ ১৮ ঐ	বৃহস্পতিবার
ইদুলফিত্র	„ ১৭, ১৮ জুন	„ ৪। ৫ আষাঢ়	রবি ও সোমবার কিন্তু যদি চন্দ্র ১৫ জুন তারিখে দেখা যায় তবে ১৬ ও ১৭ জুন শনিবার ও রবিবার
রথযাত্রা	„ ১৬ জুলাই	„ ১ শ্রাবণ	সোমবার
উল্টারথ	„ ২৪ ঐ	„ ৯ ঐ	মঙ্গলবার
ইদুজ্জোহা	„ ২৪, ২৫ আগষ্ট	„ ৯। ১০ ভাদ্র	শুক্র ও শনিবার কিন্তু যদি চন্দ্র ১৩ আগষ্ট তারিখে দেখা যায় তবে ২৩। ২৪ আগষ্ট বৃহস্পতি ও শুক্রবার
বৃক্ষারুহন	„ ২৭ ঐ	„ ১২ ঐ	সোমবার
জন্মাষ্টমী	„ ৩, ৪ সেপ্টেম্বর	„ ১৯। ২০ ঐ	সোম ও মঙ্গলবার
মহরম ও দশহরার বন্দ ও মহালয়া ও দেওয়ালী ও ভ্রাতৃদ্বিতীয়া	„ ১৪ সেপ্টেম্বরঅবধি ১০ নবেম্বরপর্য্যন্ত	„ ৩০ ভাদ্রঅবধি ২৫ কার্ত্তিকপর্য্যন্ত ...	শুক্র ও শনিবার কিন্তু যদি চন্দ্র ১২ সেপ্টেম্বর তারিখে দেখা যায় তবে ১৩ সেপ্টেম্বর বৃহস্পতিবারঅবধি ১০ নবেম্বর শনিবারপর্য্যন্ত
কার্ত্তিকপূজা	„ ১৫, ১৬ নবেম্বর	„ ৩০ কার্ত্তিক ১ অগ্রহায়ণ	বৃহস্পতি ও শুক্রবার
জগদ্ধাত্রীপূজা	„ ১৮, ১৯ ঐ	„ ৩। ৪ অগ্রহায়ণ	রবি ও সোমবার
ফতেদোআজদহম	„ ২৩ ঐ	„ ৮ ঐ	শুক্রবার কিন্তু যদি চন্দ্র ১০ নবেম্বর তারিখে দেখা যায় তবে ২২ নবেম্বর বৃহস্পতিবার
কৃসমাস ডে	„ ২৫ ডিসেম্বর	„ ১১ পৌষ	মঙ্গলবার

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 29th December, 1854.

Baboo Ramdhun Mookerjeea, to officiate as Moonsiff of Kietie, Zillah East Burdwan, during the absence on leave of the incumbent.

The 30th December, 1854.

Baboo Mudhoosoodun Dutt, to officiate as Moonsiff of Mahanad, Zillah Hooghly.

LEAVES OF ABSENCE.

The 29th December, 1854.

Baboo Sreekaunt Singh, Moonsiff of Kietie, Zillah East Burdwan, for two months, on Medical Certificate.

The 30th December, 1854.

Baboo Digumber Biswas, Moonsiff of Indoss, Zillah East Burdwan, for one day, the 1st Proximo.

Baboo Koolodanund Mookerjeea, Acting Moonsiff of Okhra, Zillah Beerbhoom, for two months.

The 4th January, 1855.

Syud Jonab Ali, Moonsiff of Bhotmaree, Zillah Rungpore, for six weeks, in addition to the Dusserah and Mohurrum Vacations.

C. T. BUCKLAND, *Register*.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ২৯ ডিসেম্বর।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের কাইতীর মুনসেফের ছুটী লইয়া অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত বাবু রামধন মখুয্যা ঐ স্থানের মুনসেফের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৪ সাল ৩০ ডিসেম্বর।

শ্রীযুত বাবু মধুসূদন দত্ত জিলা হুগলীর মহানাদের মুনসেফী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৪ সাল ২৯ ডিসেম্বর।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের কাইতীর মুনসেফ শ্রীযুত বাবু শ্রীকান্ত সিংহ চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ৩০ ডিসেম্বর।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের ইন্দাসের মুনসেফ শ্রীযুত বাবু দিগম্বর বিশ্বাস আগামি মাসের ১ তারিখ এক দিন ছুটী পাইবেন।

জিলা বীরভূমের ওখরার একটিং মুনসেফ শ্রীযুত বাবু কুলদানন্দ মুখুয্যা দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৫ সাল ৪ জানুআরি।

জিলা রঙ্গপুরের ভোটমারির মুনসেফ শ্রীযুত সৈয়দ জোনাব আলী দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

No.

GENERAL POST OFFICE NOTIFICATION.

Notice is hereby given, for the information of the public, that for the future a Box painted red will be placed at one of the windows for the receipt of letters for delivery in the Town of Calcutta, as well as the letters for despatch during the day to Howrah, Bally, Serampore, Barrackpore, &c., and above this Box a board also painted red with the inscription

"LETTER BOX"

"For local delivery letters" will be fixed. The other Boxes for the receipt of Letters, Newspapers, &c., for despatch by the evening mail will be painted black and boards of the same color will be fixed above them with the respective inscriptions.

"LETTER BOX."

"NEWSPAPER BOX."

The public are therefore requested to be good enough to cause for the future, all letters for Town delivery and those intended for transmission during the day to the station above mentioned, to be thrown in the red box, as all such letters which may hereafter be thrown in the General Letter Boxes will not be sorted until the evening.

C. K. DOVE, *Deputy Post Master General*.

Calcutta General Post Office, the 5th January, 1855.

নম্বর।

জেনরলর পোষ্ট আফিসের বিজ্ঞাপন।

সকল লোকের বিজ্ঞাপনের জন্যে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে অদ্যঅবধি লালরঙ্গের এক বাক্স ডাকঘরের এক খিড়কীতে রাখা যাইবেক। যে সকল পত্র কলিকাতার কোন স্থানে পঁহুছাইতে হইবেক কিম্বা দিনের মধ্যে হাবড়া কি বালী কি শ্রীরামপুর কি চাণকপ্রভৃতি স্থানে পাঠাইতে হইবেক তাহা সেই বাক্সে দিতে হইবেক। আর সেই বাক্সের উপর লাল রঙ্গের এক তক্তা থাকিবেক তাহাতে এই কথা লেখা থাকিবেক

"স্থান বিশেষে পঁহুছাইবার"

"পত্রের বাক্স।"

সন্ধ্যার ডাকে যে পত্র ও সম্বাদপত্রপ্রভৃতি পাঠাইতে হইবেক তাহা রাখিবার অন্য২ বাক্সের কালরঙ্গ করা যাইবেক। আর সেই সকল বাক্সের উপর কালরঙ্গের তক্তাতে এই২ কথা লেখা থাকিবেক।

"পত্রের বাক্স।"

"সম্বাদপত্রের বাক্স।"

অতএব সর্ব্বসাধারণ লোকের নিকটে নিবেদন এই যে তাঁহারদের যে সকল পত্র কলিকাতার কোন স্থানে পঁহুছাইয়া দিতে হইবেক কিম্বা ঐ দিনে পূর্ব্বোক্ত কোন স্থানে পাঠাইতে হইবেক তাহা লালরঙ্গের বাক্সে ফেলাইয়া দেন। কেননা যে সকল পত্র সাধারণপত্রের বাক্সতে দেওয়া যায় তাহা সন্ধ্যা কালে বিলি করা যাইবেক, তাহার পূর্ব্বে নয়।

কলিকাতা। জেনরল পোষ্ট আফিস। ১৮৫৫ সাল ৫ জানুআরি।

সি কে ডব। ডেপুটী পোষ্ট মাষ্টর জেনরল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৫। ৯ জানুআরি।]

SALT.

নিমক।

মামকাবারী হিসাব মৌজুদ নমক যায় ৪ পরসেণ্ট গোলাশুক্তি বাবৎ লাগাদ ৩১ ডিসেম্বর ১৮৫৪ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার গোলা

